**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অর্থ মন্ত্রণালয়
**জাতীয় রাজস্ব বোর্ড**

**(শুল্ক)**

**প্রজ্ঞাপন**

ঢাকা, তারিখ, ২৩শে ফাল্গুন ১৪০৬/৬ই মার্চ, ২০০০ ইং।

**এস, আর, ও, নং ৭১-আইন/২০০০/১৮২৭/শুল্ক-** Customs Act, 1969 (IV of 1969)- এর section 196K(1) এর সহিত পঠিতব্য section 219 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ–

১। **সংক্ষিপ্ত শিরোনামা।-** এই বিধিমালা শুল্ক পরামর্শক লাইসেন্স বিধিমালা, ২০০০ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।-** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই বিধিমালায় –

(ক) 'আইন' অর্থ Customs Act, 1969 (IV of 1969);

(খ) 'একাডেমী' অর্থ শুল্ক, আবগারী ও মূল্য সংযোজন কর প্রশিক্ষণ একাডেমী, চট্টগ্রাম;

(গ) 'কর্মকর্তা' অর্থ জাতীয় রাজস্ব বোর্ডের কোন কর্মকর্তা;

(ঘ) 'পরামর্শক' অর্থ এই বিধিমালার অধীনে লাইসেন্সপ্রাপ্ত কোন শুল্ক পরামর্শক;

(ঙ) 'ফরম' অর্থ এই বিধিমালার সহিত সংযুক্ত কোন ফরম;

(চ) 'লাইসেন্স' অর্থ এই বিধিমালার অধীনে প্রদত্ত কোন শুল্ক পরামর্শক লাইসেন্স;

(ছ) 'বোর্ড' অর্থ জাতীয় রাজস্ব বোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে তৎকর্তৃক ক্ষমতাপ্রদত্ত কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **লাইসেন্সের জন্য আবেদন।-** (১) বিধি ৪ এ উল্লিখিত যোগ্যতাসম্পন্ন যে কোন ব্যক্তি লাইসেন্সের জন্য [১][ ** ] এই বিধিমালার সহিত সংযুক্ত ফরম 'ক' তে বোর্ডের নিকট আবেদন করিতে পারিবেন।

(২) আবেদনপত্রের সহিত নিম্নলিখিত কাগজপত্র দাখিল করিতে হইবে, যথা ঃ–

(ক) আবেদনকারীর দুই অনুলিপি পাসপোর্ট সাইজের এবং এক অনুলিপি স্ট্যাম্প সাইজের সত্যায়িত ছবি;

(খ) শিক্ষাগত যোগ্যতা এবং প্রযোজ্য ক্ষেত্রে, অভিজ্ঞতা সমর্থনকারী সনদ বা অন্যান্য কাগজপত্রের সত্যায়িত অনুলিপি;

(গ) আবেদনকারী যে ইউনিয়ন বা পৌর এলাকার বাসিন্দা ইহার চেয়ারম্যান বা প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ;

---

[১]। এস,আর,ও নং ১৭২-আইন/২০০৫/২০৮০/শুল্ক তাং ০৯ জুন, ২০০৫ দ্বারা শব্দসমূহ ও সংখ্যাসমূহ বিলুপ্ত।

(ঘ) জাতীয় রাজস্ব বোর্ডের অনুকূলে টাকা পাঁচশত এর পোস্টাল অর্ডার অথবা ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার ।

(৩) আবেদনপত্র গ্রহণের সময় বোর্ড এই বিধিমালা মোতাবেক উহা যাচাই-বাছাই করিয়া প্রথমতঃ উহাতে একটি ক্রমিক নম্বর প্রদান করিবে এবং তৎপর আবেদনকারীর সংশ্লিষ্ট তথ্যাদি দ্বিতীয় অংশে লিপিবদ্ধ করিয়া উহা লাইসেন্স প্রাপ্তির যোগ্যতা যাচাইয়ের পরীক্ষায় অংশগ্রহণে প্রবেশপত্র হিসাবে আবেদনকারীকে প্রদান করিবে ।

[২][(৪) যথাযথভাবে দাখিলকৃত আবেদনপত্রসমূহ এতদসংক্রান্ত বোর্ডের রেজিস্টারে অন্তর্ভুক্ত করিয়া কাস্টমস্, এক্সাইজ ও মূল্য সংযোজন কর (মূসক) বিভাগের প্রথম শ্রেণীর কর্মকর্তা হিসাবে ন্যূনতম ১০(দশ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন আবেদনকারীর আবেদনপত্র ব্যতীত অন্যান্য আবেদনপত্রসমূহ সংশ্লিষ্ট তথ্যাদিসহ একাডেমীতে প্রেরণ করিতে হইবে ।]

৪ । (১) কোন আবেদনকারী উপ-বিধি (২) এর বিধান সাপেক্ষে লাইসেন্স প্রাপ্তির এবং উহা নবায়নের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন, যদি –

(ক) তিনি বাংলাদেশের একজন নাগরিক হন ;
(খ) আবেদনের তারিখে তাহার বয়স অন্ততঃ পঁচিশ বৎসর হয় ;
(গ) তিনি সরকার কর্তৃক স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে কোন বিষয়ে স্নাতক ডিগ্রীধারী অথবা
[৩][(ঘ) তিনি কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে উত্তীর্ণ চাটার্ড (Chartered) একাউন্টেন্ট বা কস্ট (Cost) একাউন্টেন্ট অথবা কাস্টমস্, এক্সাইজ ও মূল্য সংযোজন কর (মূসক) বিভাগের প্রথম শ্রেণীর কর্মকর্তা হিসাবে ন্যূনতম ১০(দশ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন অথবা Customs Act, 1969 Gi section 2(a) তে সংজ্ঞায়িত এজেন্ট হিসাবে ন্যূনতম ১৫ (পনর) বৎসরের অভিজ্ঞতাসম্পন্নসহ ন্যূনপক্ষে উচ্চ-মাধ্যমিক উত্তীর্ণ হন; অথবা]
(ঙ) তিনি Bangladesh Legal Prectioners and Bar Council Order, 1972 (P.O. No. 46 of 1972) এর অধীনে নিবন্ধিত বাংলাদেশের কোন আদালতে আইন ব্যবসা করিতে হকদার হন ।

(২) কোন আবেদনকারী লাইসেন্স পাইবার এবং উহা নবায়নের নিমিত্ত অযোগ্য বলিয়া বিবেচিত হইবেন, যদি–

(ক) তিনি সরকার বা কোন স্থানীয় কর্তৃপক্ষের অধীনে চাকুরী হইতে বরখাস্ত বা চাকুরীচ্যুত কোন ব্যক্তি হন;
(খ) এই বিধিমালার অধীনে পরামর্শক হিসাবে যাহার লাইসেন্স ইতঃপূর্বে বাতিল বলিয়া গণ্য করা হইয়াছে ।

৫ । **লাইসেন্স প্রদানের নিমিত্ত পরীক্ষা গ্রহণ ।- (১)** সকল যথাযথ আবেদনকারীকে নিম্নলিখিত সিলেবাস অনুযায়ী তাহাদের বিপরীত পার্শ্বে বর্ণিত পূর্ণ নম্বর অনুযায়ী ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে ঃ-

| | |
|---|---|
| (ক) The Customs Act, 1969 (IV of 1969)<br>(খ) Customs সংক্রান্ত প্রজ্ঞাপন ও আদেশসমূহ | ৫০ নম্বর |
| (গ) মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন)<br>(ঘ) মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১<br>(ঙ) মূল্য সংযোজন কর সংক্রান্ত প্রজ্ঞাপন ও আদেশ সমূহ<br>(চ) আমদানী নীতি আদেশ (পরীক্ষাকালে যেরূপ বলবৎ থাকিবে) | ৩০ নম্বর |
| (ছ) রপ্তানী নীতি আদেশ (পরীক্ষাকালে যেরূপ বলবৎ থাকিবে)<br>(জ) Foreign Exchange Regulation Act, 1947 (VII of 1947)<br>(ঞ) Imports and Exports (control) Act, 1950 (XXXIX of 1950) | ২০ নম্বর |

[২] । এস,আর,ও নং ১৭২-আইন/২০০৫/২০৮০/শুল্ক তাং ০৯ জুন, ২০০৫ দ্বারা বিধি ৩ এর উপ-বিধি (৪) এর প্রতিস্থাপন ।
[৩] । এস,আর,ও নং ১৭২-আইন/২০০৫/২০৮০/শুল্ক তাং ০৯ জুন, ২০০৫ দ্বারা বিধি ৪ এর উপ-বিধি (১) এর দফা (ঘ) প্রতিস্থাপন ।

(২) (ক) একাডেমী [৪][ ** ] বোর্ডের নির্দেশ অনুযায়ী উপরি-উক্ত সিলেবাসের ভিত্তিতে লিখিত পরীক্ষা এবং ৫০ নম্বরের মৌখিক পরীক্ষা গ্রহণ করিবে এবং পরীক্ষা সংশ্লিষ্ট যাবতীয় কার্যাদি সম্পাদন করিবে।

(খ) লিখিত ও মৌখিক পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম ৫০ শতাংশ নম্বর না পাইলে কোন আবেদনকারী লাইসেন্স পাইবার জন্য যোগ্য বিবেচিত হইবেন না।

(গ) একাডেমীর মহাপরিচালক, চট্টগ্রাম শুল্ক ভবনের অতিরিক্ত কমিশনার এবং বোর্ডের শুল্ক অনুবিভাগের একজন প্রথম সচিব সমন্বয়ে পরীক্ষা গ্রহণের জন্য একটি সাক্ষাৎকার বোর্ড গঠিত হইবে। পরীক্ষা শেষ হওয়ার ৩০ দিনের মধ্যে উহার ফলাফল বোর্ডে পাঠাইতে হইবে।

[৫][(৩) কাস্টমস, এক্সাইজ ও মূসক বিভাগের প্রথম শ্রেণীর পদে ১০(দশ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন কর্মকর্তার জন্য লিখিত ও মৌখিক পরীক্ষার প্রয়োজন হইবে না।]

(৪) একাডেমী হইতে পরীক্ষার ফলাফল পাওয়ার এক সপ্তাহের মধ্যে বোর্ড নির্বাচিত আবেদনকারীদের নাম বিজ্ঞাপিত করিবে এবং তাহা পত্রযোগে সংশ্লিষ্ট আবেদনকারীদেরও জানাইবে।

৬। **লাইসেন্স প্রদান ও নবায়ন** । - [৬][(১) বোর্ড, ক্ষেত্রমত, বিধি ৫ এর উপ-বিধি (৪) এর অধীন নির্বাচিত আবেদনকারী এবং কাস্টমস্, এক্সাইজ ও মূসক বিভাগের প্রথম শ্রেণীর পদে ১০(দশ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন আবেদনকারীদের আবেদন পর্যালোচনা করিয়া নির্বাচিত আবেদনকারীদেরকে ফরম-'খ' তে লাইসেন্স প্রদান করিতে পারিবে।]

(২) লাইসেন্স প্রদানের তারিখ হইতে উহা তিন বৎসর পর্যন্ত বলবৎ থাকিবে এবং উক্ত মেয়াদ শেষ হওয়ার ষাট দিনের মধ্যে উহা নবায়নের জন্য ফরম-'গ' তে টাকা তিনশতসহ আবেদন করা হইলে বোর্ড উহা নবায়নের নিমিত্ত গ্রহণ করিতে পারিবে।

(৩) লাইসেন্স নবায়নের জন্য পরামর্শক টাকা তিনশত এর পোস্টাল অর্ডার অথবা ব্যাংক ড্রাফ্ট অথবা পে-অর্ডারসহ ফরম-'গ' তে মূল লাইসেন্স বোর্ডে দাখিল করিবেন এবং ষাট দিনের মধ্যে বোর্ড লাইসেন্সটি বিধি ৪ এর উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদনকারীর যোগ্যতা সাপেক্ষে নবায়ন করতঃ উহা পরামর্শককে ফেরত দিবে, অন্যথায় উক্ত সময়ের মধ্যে লিখিত কারণ উল্লেখপূর্বক লাইসেন্স নবায়ন না করার সিদ্ধান্ত তাহাকে জানাইয়া দিবে।

(৪) টাকা জমাদানের স্বীকৃতিস্বরূপ বোর্ড রসিদ হিসাবে সংশ্লিষ্ট পরামর্শককে ফরম-'গ' এর দ্বিতীয় অংশ পূরণ করিয়া আবেদনকারীকে প্রদান করিবে এবং উপ-বিধি (৩) অনুসারে সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত উক্ত রশিদের ভিত্তিতে পরামর্শক তাহার কাজ চালাইয়া যাইতে পারিবেন।

(৫) উপ-বিধি (১) এ উল্লিখিত সময়ের পর লাইসেন্স নবায়নের দরখাস্ত করা হইলে এবং উক্ত আবেদনকারী কর্তৃক বিলম্বের কারণ সম্পর্কে সন্তুষ্ট হইলে বোর্ড উক্ত লাইসেন্স নবায়ন করিতে পারিবে। তবে এক্ষেত্রে বিলম্বের জন্য প্রতি সপ্তাহ বা সপ্তাহের অংশের জন্য টাকা পঞ্চাশ মাত্র হারে জরিমানা আদায় করা হইবে।

৭। **পরামর্শক এর দায়িত্ব**। - প্রত্যেক পরামর্শক আইন ও বিধি অনুসারে শুল্ক এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে সততা ও নিষ্ঠার সহিত তাহার দায়িত্ব পালন করিবেন এবং তাহার দায়িত্বের সূত্রে ইচ্ছাকৃতভাবে কোন কর্তৃপক্ষের বা অন্য কোন ব্যক্তির নিকট অসত্য বা বিকৃত তথ্য সরবরাহ করিবেন না বা কোন প্রয়োজনীয় তথ্য গোপন করিবেন না বা অনুরূপ পরামর্শ প্রদান করিবেন না।

৮। **লাইসেন্স বাতিল**। - বোর্ড যে কোন পরামর্শককে লিখিতভাবে কারণ দর্শানোর সুযোগ দিয়া তাহার লাইসেন্স বাতিল করিতে পারিবে এবং অনুরূপ বাতিলকরণের পূর্বে সাময়িকভাবে লাইসেন্সের কার্যকারিতা স্থগিত করিতে পারিবে; এইরূপ

---

[৪]। এস,আর,ও নং ১৭২-আইন/২০০৫/২০৮০/শুল্ক তাং ০৯ জুন, ২০০৫ দ্বারা সংখ্যাসমূহ ও শব্দসমূহ বিলুপ্ত।

[৫]। এস,আর,ও নং ১৭২-আইন/২০০৫/২০৮০/শুল্ক তাং ০৯ জুন, ২০০৫ দ্বারা বিধি ৫ এর উপ-বিধি (৩) এর প্রতিস্থাপন।

[৬]। এস,আর,ও নং ১৭২-আইন/২০০৫/২০৮০/শুল্ক তাং ০৯ জুন, ২০০৫ দ্বারা বিধি ৬ এর উপ-বিধি (১) এর প্রতিস্থাপন।

স্থগিতকরণের ক্ষেত্রে বোর্ড অনধিত একশত বিশ দিনের মধ্যে লাইসেন্স বাতিল করা বা না করার সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং বাতিলকরণের ক্ষেত্রে তাহার সিদ্ধান্ত পরামর্শককে লিখিতভাবে অবিলম্বে জানাইয়া দিবে।

ফরম-'ক'
(প্রথম অংশ)

**শুল্ক কর পরামর্শক হিসাবে লাইসেন্স প্রাপ্তির আবে**
**[বিধি ৩(১) দ্রষ্টব্য]**

ছবি

১। আবেদনকারীর নাম ঃ
২। পিতা/স্বামীর নাম ঃ
৩। বর্তমান ঠিকানা ও টেলিফোন নং (যদি থাকে) ঃ
৪। স্থায়ী ঠিকানা ও টেলিফোন নং (যদি থাকে) ঃ
৫। জন্ম তারিখ ঃ
৬। শিক্ষাগত যোগ্যতা (শিক্ষা প্রতিষ্ঠানের নাম, পরীক্ষার নাম, বোর্ড, পাশের বৎসর প্রাপ্ত বিভাগ উল্লেখসহ)। ঃ
৭। অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ
[৭][৮। কাস্টমস্, এক্সাইজ ও মূসক বিভাগের প্রথম শ্রেণীর কর্মকতা হিসাবে অভিজ্ঞতার বিবরণ।]ঃ
৯। ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার বা পোস্টাল অর্ডার নম্বর তারিখ ও ব্যাংকের নাম। ঃ

১০। (ক) আবেদনকারী ইতঃপূর্বে কোন সরকারী বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হইতে বরখাস্তকৃত হইয়াছেন কিনা।
(খ) লাইসেন্সধারী হইয়া থাকিলে তাহার লাইসেন্স বাতিল বা স্থগিত হইয়াছে কিনা। ঃ

১১। আমি ঘোষণা করিতেছি যে, এই আবেদনে বর্ণিত সকল তথ্য আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য ও সঠিক। কোন তথ্য অসত্য বা সঠিক না হইলে লাইসেন্স বাতিল বলিয়া গণ্য হইবে।

..............................
আবেদনকারীর স্বাক্ষর

তারিখ ঃ ...................

.................................................................................................................................

**(দ্বিতীয় অংশ)**
**শুল্ক পরামর্শক লাইসেন্স প্রাপ্তির আবেদনপত্রের জন্য প্রদেয় রশিদ**
[বিধি ৩(৩) দ্রষ্টব্য]

ছবি

১। আবেদনকারীর নাম ঃ
২। পিতা/স্বামীর নাম ঃ
৩। জন্ম তারিখ ঃ
৪। গৃহীত আবেদন পত্রের ক্রমিক নম্বর ঃ
৫। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোস্টাল অর্ডার নম্বর, ঃ

---

[৭]। এস,আর,ও নং ১৭২-আইন/২০০৫/২০৮০/শুল্ক তাং ০৯ জুন, ২০০৫ দ্বারা ফরম "ক" এর ক্রমিক ৮ এ শব্দ ও কমা প্রতিস্থাপন।

**তারিখ ও ব্যাংকের নাম।**

দ্বিতীয় সচিব
শুল্ক [পরামর্শক লাইসেন্স]

ফরম-‘খ’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

স্ট্যাম্প সাইজ ছবি

**শুল্ক পরামর্শক লাইসেন্স**
[বিধি ৬(১) দ্রষ্টব্য]

নামঃ জনাব/বেগম

**..........................................**
**লাইসেন্সের মেয়াদ ঃ .......................................**
**স্বাক্ষর ঃ ......................................................**
**নম্বর ঃ**
**ইস্যুর তারিখ ঃ**

**দ্বিতীয় সচিব**
**শুল্ক [পরামর্শক লাইসেন্স]**

১। এই পরিচয়পত্র প্রদানের তারিখ হইতে পরবর্তী তিন বৎসর পর্যন্ত বলবৎ থাকিবে।
২। ইহা হারাইয়া গেলে বা চুরি হইলে নিকটস্থ থানায় এবং জাতীয় রাজস্ব বোর্ডে জানাইতে হইবে।

ফরম-‘গ’
(প্রথম অংশ)

**শুল্ক পরামর্শক লাইসেন্স নবায়নের জন্য আবেদ**
**[বিধি ৬(৩) দ্রষ্টব্য]**

১। আবেদনকারীর নাম ঃ
২। পিতা/স্বামীর নাম ঃ
৩। বর্তমান ঠিকানা ও টেলিফোন নং ঃ
৪। স্থায়ী ঠিকানা ও টেলিফোন নং ঃ
৫। জন্ম তারিখ ঃ
৬। লাইসেন্স নম্বর ঃ
৭। ইস্যুর তারিখ ঃ
৮। লাইসেন্সের মেয়াদ ঃ
৯। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোস্টাল অর্ডার নম্বর, তারিখ ও ব্যাংকের নাম। ঃ
১০। বর্তমানে কোথাও চাকুরীরত আছেন কিনা ঃ
১১। বিগত ৩ বছরে মোট কতটি মামলায় শুল্ক পরামর্শক হিসেবে কাজ করেছেন (প্রয়োজনে অতিরিক্ত পাতা সংযোজন করুন)। ঃ

১২। আমি ঘোষণা করিতেছি যে, উপরোক্ত বক্তব্য আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য ও সঠিক। মিথ্যা প্রমাণিত হইলে শুল্ক পরামর্শক লাইসেন্স বাতিল বলিয়া গণ্য হইবে।

তারিখ ঃ.................... আবেদনকারীর স্বাক্ষর

..............................................................................................................................

**(দ্বিতীয় অংশ)**

**শুল্ক পরামর্শক লাইসেন্স নবায়নের জন্য প্রদেয় টাকার রশিদ**

[বিধি ৬(৪) দ্রষ্টব্য]

১। আবেদনকারীর নাম ঃ
২। পিতা/স্বামীর নাম ঃ
৩। ঠিকানা ঃ
৪। লাইসেন্স নম্বর ও ইস্যুর তারিখ ঃ
৫। নবায়নের জন্য জমাদানের তারিখ ঃ
৫। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোস্টাল অর্ডার নম্বর, ঃ
**তারিখ ও ব্যাংকের নাম।**

দ্বিতীয় সচিব
শুল্ক [পরামর্শক লাইসেন্স]

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

স্বাক্ষরিত/-
( আবুল কাশেম )
সদস্য [শুল্ক]